তারিখ 26 JUL 1991
পৃষ্ঠা ৮ কলাম ৭

আজকের কাগজ

80

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ছাত্রদলকর্মী লাঞ্ছিত ক্যাম্পাসে উত্তেজনা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** একদল যুবক কর্তৃক দোয়েল চত্বরের কাছে ছাত্রদলের দু'জন কর্মী লাঞ্ছিত হওয়ায় গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছিলো উত্তেজনাপূর্ণ।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল বেলা ১০টায় একদল যুবক দোয়েল চত্বরের কাছে দু'জন ছাত্রদল কর্মীকে কাপড়-চোপড় খুলে উলংগ করে ছেড়ে দেয়। ছাত্রদল কর্মীরা এই ঘটনা জানার পর উত্তেজিত হয়ে ওঠে। এই ঘটনার জন্যে ছাত্রদলের সমাবেশে ছাত্রলীগকে (শা-অ) দায়ি করা হয়। পরে ছাত্রদলের বিক্ষুব্ধ কর্মীরা সূর্যসেন হলে ছাত্রলীগ (শা-অ) কর্মীদের তিনটি কক্ষ ভাঙচুর করে।

এই লাঞ্ছিত হওয়া ও ভাঙচুরের ঘটনায় জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (শা-অ) কর্মীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি যে কোনো সময় সশস্ত্র সংঘর্ষের দিকে মোড় নিতে পারে বলে সাধারণ ছাত্রছাত্রীরা আশংকা প্রকাশ করেছে।

এদিকে গতকাল শিক্ষা প্রতিষ্ঠানে অব্যাহত সন্ত্রাস দমন করা ও ডাকসু নির্বাচনের নতুন তারিখ ঘোষণার দাবিতে গতকাল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ছাত্রসংগঠন মিছিল ও সমাবেশ করেছে।

**জাতীয়তাবাদী ছাত্রদল:** সংগঠনের দু'জন কর্মী লাঞ্ছিত হবার প্রতিবাদে গতকাল জাতীয়তাবাদী ছাত্রদলের বিক্ষুব্ধ কর্মীরা একটি মিছিল বের করে এবং ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। ছাত্রদলের সমাবেশে ছাত্রলীগকে (শা-অ) হুঁশিয়ার করে দিয়ে বলা হয় "বারুদের স্তূপে আগুন ধরাবেন না, সে আগুনে নিজেরাই পুড়ে ছারখার হয়ে যাবেন।" ছাত্রদলের সমাবেশে বক্তৃতা করেন হাবিবুন্নবী সোহেল ও আলী আক্কাস নাদিম। সমাবেশে নেতারা ডাঃ মিলন ও মাহবুবের হত্যাকারীদের গ্রেফতার ও ডাকসু নির্বাচনের নতুন তারিখ ঘোষণার জোর দাবি জানান।

**ছাত্রলীগ (শা-অ):** পরীক্ষার নতুন তারিখ ঘোষণা ও শিক্ষাঙ্গনে সন্ত্রাসের প্রতিবাদে গতকাল আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগ (শা-অ) অপরাজেয় বাংলায় সমাবেশ করেছে। সমাবেশে বক্তৃতা করেন গোলাম মোস্তফা সুজন ও কামরুজ্জামান আনসারী। সমাবেশে নেতারা শিক্ষা প্রতিষ্ঠানে সংঘটিত অব্যাহত সন্ত্রাস দমনে ব্যর্থ হওয়ায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অভিযুক্ত করে স্বরাষ্ট্রমন্ত্রী খালেদা জিয়ার পদত্যাগ দাবি করেন। সমাবেশে অনার্স ও মাস্টার্স পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করার জন্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহবান জানানো হয়।

**ছাত্রলীগ (না-শ):** ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত জাসদ (ইনু) সমর্থিত ছাত্রলীগের (না-শ) সমাবেশে বক্তৃতা করেন রোকনুজ্জামান রোকন। তিনি বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেশের আইন শৃংখলা পরিস্থিতির রক্ষায় ব্যর্থ। এই ব্যর্থতাকে ঢাকার জন্যে সরকারি ছাত্রদল কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস চালানো হচ্ছে।